

এম.ফিল. পরীক্ষা ২০১৮
সেমেস্টার : ১

বাংলা
কোর্স-২ (ত্রিচ্ছিক)
(আন্তর্বিদ্যাচর্চা)

সময় : ৪ ঘন্টা

পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

একক - ১

- ১। ক) মার্কসবাদী সাহিত্য সমালোচনা পদ্ধতির বিশেষত্বের দিকগুলি সম্পর্কে আলোচনা করুন। মার্কসবাদী দর্শনের মূল প্রত্যয়গুলির সঙ্গে এই সমালোচনা পদ্ধতির সম্পর্ক পর্যালোচনা করুন। ৪+৬=১০
অথবা
খ) উনিশ শতকে বাংলা বিজ্ঞানচর্চার ক্ষেত্রে মূল সমস্যাগুলি কী ছিল আলোচনা করুন। ১০
২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন ? ৫×২ = ১০
ক) 'সত্য'-এর স্বরূপ সম্পর্কে রবীন্দ্রনাথ ও আইনস্টাইনের প্রখ্যাত প্রতর্কটি কত সালে কোন শহরে সংঘটিত হয়েছিল?
খ) মার্কসবাদী ঘরানার দুজন বিদেশি এবং দুজন বাঙালি সাহিত্য-সমালোচকের নাম লিখুন।
গ) 'ধূলা' রচনাটি কার লেখা? কোন পত্রে প্রকাশিত?
ঘ) উনিশ শতকের দুটি বিজ্ঞান বিষয়ক সাময়িক পত্রের নাম লিখুন।
ঙ) বাংলা ভাষায় লেখা দুটি মার্কসবাদী সমালোচনা গ্রন্থের নাম লিখুন।

একক - ২

- ৩। ক) বাংলার লোকশিল্পের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় বাংলার পটশিল্প। আলোচনা করুন। ১০
অথবা
খ) রামকথা শুধু মধ্যযুগের বাংলার সাহিত্যকে নয়, বাংলার মন্দির শিল্পকেও অনুপ্রাণিত করেছে। আলোচনা করুন। ১০
অথবা
গ) বাংলার শিল্পে লৌকিক শিবের চরিত্র বৈশিষ্ট্য নির্দেশ করে দেখান ধ্রুপদী শিবের সঙ্গে তার পার্থক্য কোথায়? ১০
৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : ৫×২ = ১০
ক) বিষ্ণুপুর রাজবংশ প্রতিষ্ঠিত দুটি মন্দিরের নাম লিখুন। মন্দির দুটি কোথায় অবস্থিত ?
খ) লিঙ্গরাজ ও কান্ডারিয়া মহাদেব মন্দির দুটি কোথায় কোথায় অবস্থিত?
গ) চালুক্য রাজবংশের তৈরি দুটি মন্দির ক্ষেত্রের নাম লিখুন।
ঘ) মেদিনীপুর ছাড়া পটচিত্র আঁকা হয় পশ্চিমবঙ্গের এমন দুটি জেলার নাম লিখুন।
ঙ) পটচিত্রে হলুদ ও সবুজ রং কীভাবে তৈরি করা হয় ?

একক - ৩

- ৫। ক) গ্রহণ, বর্জন ও রূপান্তরের মধ্য দিয়ে কীভাবে সাহিত্য থেকে চিত্রনাট্য তৈরি হয় তা প্রাসঙ্গিক উদাহরণ দিয়ে আলোচনা করুন। ১০
অথবা
খ) একটি বর্ণনামূলক এবং একটি বর্ণনাহীন চিত্রনাট্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। ১০

P.T.O.

(2)

অথবা

গ) গৌতম ঘোষ রচিত 'পদ্মানদীর মাঝি' ছবির চিত্রনাট্য সাহিত্য থেকে কীভাবে স্বতন্ত্র হয়েছে তার বিচার করুন।

১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন :

৫×২ = ১০

ক) মৃগাল সেন রচিত দুটি বর্ণনামূলক চিত্রনাট্যের নাম লিখুন।

খ) বাংলা চলচ্চিত্র বিষয়ক চারটি পত্রিকার নাম লিখুন।

গ) অপর্ণা সেন রচিত একটি এবং সত্যজিৎ রায় রচিত একটি মৌলিক চিত্রনাট্যের নাম লিখুন।

ঘ) মৃগাল সেন এবং তপন সিংহ-এর আত্মজীবনী নাম লিখুন।

ঙ) দীনেন গুপ্ত এবং অরবিন্দ মুখোপাধ্যায় পরিচালিত দুটি বাংলা ছবির নাম লিখুন।

একক - ৪

৭। ক) রবীন্দ্রনাথের পূজা পর্যায়ের গান বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন।

১০

অথবা

খ) শৌখিন থিয়েটারের যুগে আশুতোষ দেবের বাড়িতে 'শকুন্তলা'র অভিনয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

১০

অথবা

গ) মিনার্ভা থিয়েটারে উৎপল দত্তের 'অঙ্গার' নাটকটির মধ্যযুগের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করুন।

১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন :

৫×২ = ১০

ক) রবীন্দ্রনাথের প্রথম গানের বই কী? কবে প্রকাশিত হয়?

খ) টম্পা গানের প্রবর্তক কে? তিনি কার দ্বারা প্রভাবিত হয়েছিলেন?

গ) ন্যাশনাল থিয়েটারে অভিনীত প্রথম নাটক কোনটি? এই নাটকটির প্রথম অভিনয়ে একাই চারটি ভূমিকায় অংশগ্রহণ করেছিলেন কোন অভিনেত্রী?

ঘ) বেঙ্গল থিয়েটার কত সালে কোন নাটকের অভিনয় সূত্রে আত্মপ্রকাশ করে?

ঙ) ক্লাসিক থিয়েটারে 'কৃষ্ণকান্তের উইল' কী নামে অভিনীত হয়েছিল? গোবিন্দলালের ভূমিকায় কে অভিনয় করেছিলেন?